

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯৮৭

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৮৮. যে ব্যক্তি লোকেদের ইমামতি করে সে যেন (সালাত) সহজ (সংক্ষিপ্ত) করে।

بَابِ مَنْ أَمَّ قَوْمًا فَلِيُخَفِّ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِنْدٍ، عَنْ مُطْرِفِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشِّخْرِ، قَالَ سَمِعْتُ عُثْمَانَ بْنَ أَبِي الْعَاصِ، يَقُولُ كَانَ آخِرَ مَا عَاهَدَ إِلَيَّ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - حِينَ أَمْرَنِي عَلَى الطَّائِفِ قَالَ لِي " يَا عُثْمَانُ تَجَاوِزْ فِي الصَّلَاةِ وَاقْدِرِ النَّاسَ بِأَضْعَافِهِمْ فَإِنَّ فِيهِمُ الْكَبِيرُ وَالصَّغِيرُ وَالسَّقِيمُ وَالْبَعِيدُ وَذَا الْحَاجَةِ " .

বাংলা

৪/৯৮৭। মুতারিফ ইবনু আবদুল্লাহ ইবনুস শিখখীর (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উসমান ইবনু আবুল আস (রাঃ) কে বলতে শুনেছি, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তায়েফের আমীর নিয়োগ করাকালে আমার থেকে সর্বশেষ প্রতিশ্রূতি গ্রহণ করে বলেনঃ হে উসমান! তুমি সালাত সংক্ষেপ করবে এবং লোকেদের মধ্যকার দুর্বলদের সামর্থ্যের প্রতি লক্ষ্য রাখবে। কেননা তাদের মধ্যে বৃদ্ধ, নাবালেগ, রোগাক্রান্ত ব্যক্তি, দূরের পথের পথিক এবং কর্মব্যস্ত লোক আছে।

English

It was narrated that Mutarrif bin 'Abdullah bin Shikhkhir said:

"I heard 'Uthman bin Abul-'As say: "The last thing that the Prophet (ﷺ) enjoined on me when he appointed me governor of Ta'if was that he said: "O 'Uthman! Be tolerable in prayer and estimate the people based upon the weakest among them, for among them are the elderly, the young, the sick, those who live far from the mosque, and those who have pressing needs."

ফুটনোট

তাখরীজ কৃতুরুত সিভাহ: মুসলিম ৪৬৮, নাসায়ী ৬৭২, আবু দাউদ ৫৩১, আহমাদ ১৫৮৩৬, ১৭৪৪২, ১৭৪৪৮,
১৭৪৫৫; মাজাহ ৯৮৮।

তাহকীক আলবানী: হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন ইসহাক সম্পর্কে ইয়াহইয়া বিন মাসিন ও
আজালী বলেন, তিনি সিকাহ। আহমাদ বিন হাস্বল বলেন, তিনি হাসানুল হাদিস। আলী ইবনুল মাদীনী বলেন,
তিনি সালিহ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মুতাররিফ ইবনু 'আবদুল্লাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=12056>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন